

## সংবাদ বিবৃতি

লালমনিরহাটের পাটগ্রামে এক ব্যক্তিকে পিটিয়ে ও পুড়িয়ে হত্যা : হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) তীব্র নিন্দা ও জড়িতদের নিরপেক্ষ তদন্তসাপেক্ষে যথাযথ বিচার ও আইনানুগ শাস্তি প্রদানের দাবি

[০১ নভেম্বর ২০২০, ঢাকা] লালমনিরহাটের পাটগ্রাম উপজেলায় মসজিদের ভেতরে ‘কোরআন শরীফ অবমাননার’ অভিযোগে এক ব্যক্তিকে পিটিয়ে ও পুড়িয়ে হত্যা এবং অপর এক ব্যক্তিকে আহত করার ঘটনায় হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) তীব্র ক্ষোভ ও নিন্দা জানাচ্ছে। পাশাপাশি এমন নৃশংস ঘটনার জন্য দায়ীদের নিরপেক্ষ তদন্তসাপেক্ষে দ্রুততার সাথে চিহ্নিত করে যথাযথ বিচার ও আইনানুগ শাস্তি প্রদানের জোর দাবি জানাচ্ছে। একইসাথে আহত ব্যক্তির প্রয়োজনীয় চিকিৎসা, সংশ্লিষ্ট দুই পরিবারের নিরাপত্তা নিশ্চিত করার পাশাপাশি দেশের আর কোথাও যেন এমন মর্মান্তিক হত্যাকাণ্ড না ঘটে সে ব্যাপারে যথাযথ কর্তৃপক্ষকে ব্যবস্থা গ্রহণের জন্য আহবান জানাচ্ছে।

গণমাধ্যমসূত্রে জানা গেছে, ২৯ অক্টোবর ২০২০ সন্ধ্যায় উপজেলার সীমান্তবর্তী বুড়িমারী ইউনিয়নের বুড়িমারী স্থলবন্দরের পাশে কেন্দ্রীয় জামে মসজিদের ভেতরে কোরআন শরীফ অবমাননার অভিযোগে আবু ইউনুস মো. শহিদুল্লাহ জুয়েল (৫০) নামে এক ব্যক্তিকে পিটিয়ে ও পুড়িয়ে হত্যা করে কতিপয় দুষ্কৃতিকারী। তার সঙ্গে থাকা আরেক ব্যক্তি সুলতান মো. রুবায়েয়াত সুমনকে (৪৮) আহত অবস্থায় উদ্ধার করেছে পুলিশ। এসময় পুলিশ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত থাকলেও তারা উত্তেজিত জনতাকে নিয়ন্ত্রণ করতে পারেননি। এ ঘটনায় তিনটি পৃথক মামলা দায়ের করা হয়েছে এবং ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগে ছয় জনকে গ্রেপ্তার করেছে পুলিশ।

এইচআরএফবি মনে করে, এ ধরনের নৃশংস ঘটনার পুনরাবৃত্তি ঠেকাতে সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্তসাপেক্ষে জড়িতদের আইনানুগ শাস্তি প্রদান করা অত্যাবশ্যকীয়। আইন নিজের হাতে তুলে নেয়ার এ প্রবণতা অত্যন্ত ভয়াবহ; যার সুদূরপ্রসারি প্রভাব দেশের সমাজ, আইন ও বিচার ব্যবস্থায় পড়বে বলে ফোরাম আংশকা প্রকাশ করেছে। এমন ঘটনা সমাজে বিদ্যমান ধর্মান্ধতা, আইনের শাসনের প্রতি অবজ্ঞা আর বিচারব্যবস্থার প্রতি অনাস্থাকে অত্যন্ত দৃষ্টিকটুভাবে দৃশ্যমান করে তোলে। একইসাথে বিগত বছরগুলোতে বিভিন্ন গণপিটুনি কিংবা উত্তেজিত জনতার আইন তুলে নেয়ার প্রবণতা থেকে এইচআরএফবি মনে করে, উত্তেজিত সংঘবদ্ধ জনতার অপ্রীতিকর আক্রোশ প্রশমিত করার জন্য স্থানীয় প্রশাসনকে এ বিষয়ে যথাযথ প্রশিক্ষণ ও নির্দেশনা প্রদান জরুরি। পাশাপাশি ঘটনা সংঘটনের সময় পরিস্থিতি নিয়ন্ত্রণে স্থানীয় প্রশাসন ও নেতৃত্বের পদক্ষেপসমূহ জনগণকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট দাবি জানাচ্ছে।

### Secretariat:

Ain o Salish Kendra (ASK), 2/16, Block-B, Lalmatia, Dhaka-1207  
Phone: 8126047, 8126134, 8126137, Fax: 8126045  
Email: ask@citechco.net web: www.askbd.org

### Forum Members:

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), FAIR, Kapaeng Foundation, Karmojibi Nari (KN), Manusher Jonno Foundation (MJF), Nagorik Uddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women with Disabilities Development Foundation (WDDF).